

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৫৬

আগরতলা, ১৪ জানুয়ারি, ২০২৫

৫ দিনব্যাপী সুলতান শাহ দরগা সংহতি মেলা সমাপ্ত

৫ দিনব্যাপী সুলতান শাহ দরগা সংহতি মেলা গতকাল সমাপ্ত হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল। সমাপ্তি অনুষ্ঠানে বিধানসভার উপাধ্যক্ষ বলেন, ৭০ বছরের পুরনো এই মেলা আমাদের রাজ্যের এক ঐতিহ্য। সুলতান শাহ দরগা শান্তি, সম্প্রীতি ও সৌভ্রাতৃত্বের এক প্রতীক। তিনি বলেন, সম্প্রীতির নির্দশন হিসেবে এই মেলা এক অন্যান্য নজির স্থাপন করেছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ডুকলি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ভুলন সাহা, ভাইস চেয়ারম্যান কিশোর ঘোষ, শ্রীনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান শচীন্দ্র নমঃ, আনন্দনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান সম্পা দাস বর্মন, পশ্চিম আনন্দনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান সুমিত্রা রায় দেবনাথ, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্য মলয় লোধ, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপঅধিকর্তা ডা. রাধেশ্যাম দাস, কৃষি তত্ত্বাবধায়ক দেবব্রত পাল, পশ্চিম ত্রিপুরা জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহঅধিকর্তা মনোজ দেববর্মা প্রমুখ।

সুলতান শাহ দরগা সংহতি মেলা উপলক্ষে ডুকলি কৃষি মহকুমার উদ্যোগে এক সবজি প্রদর্শনী ও প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রদর্শনীতে ১৮টি বিভাগে ৭৬ জন কৃষক অংশ নেন। সমাপ্তি অনুষ্ঠানে কৃষি প্রদর্শনী ও প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। ৫ দিনব্যাপী মেলা উপলক্ষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
